

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
পবা, রাজশাহী



উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নংঃ ০৫.৪৩.৮১৭২.০০০.০১২.০৩২.১৭- ১০৫ (৫)

তারিখঃ ১০ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ  
২৩ ফেব্রুয়ারী ২০২২ খ্রি

রাজশাহী জেলাধীন পবা উপজেলার ২০ একর পর্যন্ত  
বন্ধ জলমহাল/খাসপুকুর সমূহের সংশোধিত ইজারা বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের ১০/০২/২০২২ খ্রিস্টাব্দের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-২)-৫৪ নং স্মারকে জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী ২০ একর পর্যন্ত বন্ধ জলমহাল ইজারার জন্য অনলাইনে ([jm.lams.gov.bd](http://jm.lams.gov.bd)) আবেদন দাখিলের বিধান প্রবর্তন করা হয়েছে। এরই প্রেক্ষিতে রাজশাহী জেলার আওতাধীন পবা উপজেলার ৪১ (একচল্লিশ) টি বন্ধ জলমহাল ১ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক অনলাইনে ইজারার আবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহিত হয়েছে। সে প্রেক্ষিতে পবা উপজেলা থেকে সাধারণ আবেদনে ১৪২৯ বঙ্গাব্দে জলমহালের ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষ পঞ্জিকার (Calendar Year) মধ্যে নিষ্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত সংশোধিত সিডিউল অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হবে।

ক্রমিক নং	তারিখ	গৃহীত কার্যক্রম
১.	১০ থেকে ২৫ ফাল্গুনের মধ্যে	জেলা প্রশাসক, রাজশাহী (এস.এ শাখা) মহোদয়ের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী কমিশনার (ভূমি), পবা, রাজশাহী এর কার্যালয় হতে ৫০০/- টাকায় (অফেরৎযোগ্য) দরপত্র/আবেদনপত্র অফিস চলাকালীন সময়ে ত্রয় সাপেক্ষে অনলাইনে আবেদন দাখিল। দরপত্র/আবেদন ফরমে বর্ণিত শর্তাবলীসহ সর্বশেষ সরকারি পরিপত্র/নীতিমালা অনুসরণ প্রযোজ্য হবে।
২.	২৬ ফাল্গুন থেকে পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল।
৩.	০৫ চৈত্রের মধ্যে	অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই।
৪.	১০ চৈত্রের মধ্যে	উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন।
৫.	১৫ চৈত্রের মধ্যে	ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন।
৬.	২০ চৈত্রের মধ্যে	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ।
৭.	২৫ চৈত্রের মধ্যে	ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে ইজারামূল্য জমা প্রদান ও ইজারাগ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন।
৮.	১ বৈশাখ	ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া।

উল্লেখ্য যে, ইজারা বিজ্ঞপ্তি এবং জলমহালের তালিকা সংশ্লিষ্ট ওয়েবসাইটে ([paba.rajshahi.gov.bd](http://paba.rajshahi.gov.bd)) পাওয়া যাবে।

আরও উল্লেখ্য, বিজ্ঞপ্তির যে কোন শর্তাবলী সংযোজন/বিরোধ/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২৩.০২.২০২২

(লসমী চাকমা)

উপজেলা নির্বাহী অফিসার

ও

আহবায়ক

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।

পবা, রাজশাহী।

ফোন নং- ০৭২১-৭৬১৭৯৯

email: [unopaba@mopa.gov.bd](mailto:unopaba@mopa.gov.bd)

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মাননীয় সংসদ সদস্য, ৫৪ রাজশাহী-০৩ (পবা-মোহনপুর) ও উপদেষ্টা-১, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, পবা, রাজশাহী।

২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী

৩। জেলা প্রশাসক, রাজশাহী।

৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজশাহী।

৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা-২, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, পবা, রাজশাহী।

৬। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল), রাজশাহী।

৭। মেয়র, নওহাটা/কাটাখালী পৌরসভা, পবা, রাজশাহী।

অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের জন্য অনুরোধসহ অনুলিপি প্রেরণ করা হলোঃ

৮। সহকারী কমিশনার (ভূমি), পবা, রাজশাহী।

৯। উপজেলা.....কর্মকর্তা, পবা, রাজশাহী।

১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী। [বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]

১১। চেয়ারম্যান ..... ইউ,পি (সকল), পবা, রাজশাহী। [তাকে বিজ্ঞপ্তিটি তাঁর ইউনিয়নাধীন হাট-বাজার সমূহে তোল শহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ জানানো হলো।]

১২। সহকারী প্রোগ্রামার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পবা, রাজশাহী। [বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]

১৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, দারুশা/কাশিয়াডাঙ্গা/কাপাশিয়া/রামচন্দ্রপুর(আদায়ক্যাম্প নওহাটা ও বড়গাছী) ইউনিয়ন ভূমি অফিস, পবা, রাজশাহী।

১৪। সভাপতি/সম্পাদক.....মৎস্যজীবী সমবায় সমিতি, পবা, রাজশাহী।

১৫। নোটিশ বোর্ড (সকল), পবা, রাজশাহী।

১৬। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, ..... , রাজশাহী। তাঁকে উল্লিখিত বিজ্ঞাপনটি তার পত্রিকায় ভিতরের পাতায় স্বল্প(ন্যূনতম) পরিসরে এক দিনের জন্য প্রচারের নিমিত্ত অনুরোধ করা হলো।

১৭। অফিস কপি।



(লসমী চাকমা)

উপজেলা নির্বাহী অফিসার

ও

আহবায়ক

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।

পবা, রাজশাহী।

ফোন নং- ০৭২১-৭৬১৭৯৯

email: [unopaba@mopa.gov.bd](mailto:unopaba@mopa.gov.bd)